ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২৯১০</u>

আগরতলা,১৮ সেপ্টেম্বর,২০২৫

**চিকিৎসা সামগ্রী সহ ওষুধ-এ জিএসটি হ্রাস প্রয়োগ ও সংশোধিত মূল্য তালিকা প্রদর্শন সংক্রান্ত নির্দেশিকা**

ভারত সরকার সম্প্রতি ওষুধ, প্রস্তুত ও চিকিৎসা সামগ্রীর উপর আরোপিত পণ্য ও পরিষেবা কর (জিএসটি) এর হার হ্রাসের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই নতুন হ্রাসকৃত জিএসটি হার কার্যকর হবে আগামী ২২ সেপ্টেম্বর ২০২৫ থেকে।

এই প্রসঙ্গে সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন (সিডিএসসিও) থেকে গত ১১ সেপ্টেম্বর ২০২৫ পাঠানো File No.DC-DT-15011(11)/122/2025 অনুযায়ী ন্যাশনাল ফার্মাসিউটিক্যাল প্রাইসিং অথরিটি (এনপিপিএ) নির্দেশনা অনুযায়ী গত ১২ এবং ১৩ সেপ্টেম্বর ২০২৫ জারি করা Vide OM No.1224/2021/DP/NPPA/ Div. II (Vol-II)-Part(I) অনুযায়ী নির্দেশনা জারি করা হয়েছে।

উক্ত নির্দেশনা অনুযায়ী-

- মজুতকৃত ওষুধ, চিকিৎসা সামগ্রীর উপর পুনরায় লেবেল লাগানো বা স্টিকার লাগানো বাধ্যতামূলক নয়, কারণ এতে বাজারে ওষুধের ঘাটতি দেখা দিতে পারে।
- তবে, সব প্রস্তুতকারক, আমদানিকারক, পাইকারি বিক্রেতা, পরিবেশক ও খুচরা বিক্রেতাকে অবশ্যই সংশোধিত মূল্য তালিকা সম্পূরক মূল্য তালিকা (ফর্ম-V/VI) জারি, প্রদর্শন এবং ভোক্তাদের অবগত করার ব্যবস্থা করতে হবে যাতে হ্রাসকৃত জিএসটি ও সংশোধিত এমআরপি সঠিকভাবে প্রতিফলিত হয়।
- এই নির্দেশনাগুলি যথাযথভাবে কার্যকর করতে হবে যাতে ভোক্তারা সরাসরি এর সুফল পান।

ত্রিপুরার সাধারণ ভোক্তাদের অনুরোধ করা হচ্ছে খুচরা ওষুধের দোকানে প্রদর্শিত সংশোধিত মূল্য তালিকা যাচাই করতে, যেখানে হ্রাসকৃত জিএসটির ফলে নতুন দাম উল্লেখ থাকবে।

ত্রিপুরা সরকারের ডেপুটি ড্রাগস কন্ট্রোলার এর কার্যালয় সকল অংশীদারদের অবিলম্বে এই নির্দেশ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করছে, যাতে জনসাধারণ দ্রুত এর সুফল ভোগ করতে পারেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

*****